

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধানমন্ত্রীর কার্যালয়
 জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
 তেজগাঁও, ঢাকা।
www.nstda.gov.bd

বিষয়ঃ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এর ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব মোঃ ফারুক হোসেন
 নির্বাহী চেয়ারম্যান
 জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ।
 তারিখঃ ১২/০১/২০২০খ্রিঃ
 সময়ঃ সকাল ৯.৩০ টা
 স্থানঃ নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট ‘ক’।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কার্যপত্র অনুযায়ী সভা পরিচালনার জন্য সদস্য (প্রশাসন ও অর্থ) কে অনুরোধ জানান। সদস্য (প্রশাসন ও অর্থ) সভার আলোচ্য বিষয়গুলো ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত আলোচ্য বিষয়, আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত |
|--------|---|--|
| ০১। | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | সদস্যদের আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। |
| ০২। | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা বিগত সভায় দক্ষতা-প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাছাই এর জন্য ‘দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন গাইডলাইন-২০১৯’ এ বর্ণিত বাছাই কমিটি বিলুপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। এছাড়াও গত সভায় প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য পরিদর্শক দল পুনর্গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। এ প্রসঙ্গে সদস্য (দক্ষতামান ও সনদায়ন) জানান যে, বিবেচ্য গাইডলাইনে আরও কিছু পরিবর্তন আনার বিষয়ে অংশীজনের নিকট থেকে পরামর্শ পাওয়া গিয়েছে। প্রাপ্ত পরামর্শ অনুযায়ী আরো কিছুদিন পর গাইডলাইনটি সংশোধন করা হবে এবং সংশোধিত গাইডলাইনে গত সভার সিদ্ধান্তের প্রতিফলন ঘটান হবে। | ‘দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন গাইডলাইন-২০১৯’ সংশোধনের বিষয়ে সদস্য (দক্ষতামান ও সনদায়ন) মতামত অনুযায়ী পরবর্তীতে নিবন্ধন গাইডলাইন সংশোধনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। |



